Maahanmuuttovirasto
Migrationsverket
Finnish Immigration Service

# যদি ফিনল্যান্ডএ আপনার আবাসিক অনুমতি /রেসিডেন্স পার্মিট থাকে এবং আপনার কাজের নিয়োগকর্তা যদি আপনার সাথে খারাপ ব্যবহার করে থাকেন , সেই ক্ষেত্রে আপনি নতুন আবাসিক অনুমতির জন্য অথবা সার্টিফিকেটের জন্য আবেদন করতে পারবেন

নিয়োগকর্তা কর্তৃক শোষণের শিকার ব্যক্তির পরিস্থিতির উন্নতি হবে ১.১০.২০২১ তারিখ থেকে, যেদিন থেকে এলিয়েন্স অ্যাক্ট-এর পরিবর্তন জারি করা হবে ।

যদি আপনি নিয়োগকর্তার শোষণ অথবা গুরুতর অবহেলার শিকার হয়ে থাকেন , সেই ক্ষেত্রে আপনি আবাসিক অনুমতির মেয়াদ বাড়ানোর জন্য অথবা আপনার কাজের অধিকারের ক্ষেত্র প্রসারিত করার সার্টিফিকেটের জন্য আবেদন করতে পারবেন, এবং আপনি কাজের মালিক / নিয়োগকর্তার পরিবর্তন করতে পারবেন । এর জন্য আপনার ফিনল্যান্ডএ থাকার আবাসিক অনুমতি এবং কাজ করার অনুমতি থাকতে হবে ।

যদি আপনি ফিনল্যান্ডএ বিশেষ সময়কালের জন্য কাজের অনুমতিতে কাজ করেন অথবা যদি আপনার ফিনল্যান্ডএর রেসিডেন্স পার্মিট না থাকে , সেই ক্ষেত্রে এই অনুমতির বা সার্টিফিকেটের জন্য আবেদন করতে পারবেন না ।

নিয়োগকর্তার শোষণের কারণে যদি আপনার অনুমতির মেয়াদ বাড়িয়ে দেওয়া হয়, সেই ক্ষেত্রে আপনি যে কোনো জায়গায় বা পেশাতে কাজ করতে পারবেন, সুতরাং আপনার কাজ করার সীমাহীন অধিকার থাকবে ।

## আপনার নিয়োগকর্তার দ্বারা শোষণের কারণে নিম্নলিখিত পদ্ধতিতে অনুমতির মেয়াদ বাড়ানোর জন্য অথবা সার্টিফিকেটের জন্য আবেদন করবেন

### যদি আপনার বর্তমান আবাসিক অনুমতির মেয়াদ শেষ হবার সময় এসে থাকে এবং আপনি নতুন কোনও কাজের সন্ধান না পেয়ে থাকেন, সেই পরিস্থিতিতে অনুমতির মেয়াদ বাড়ানোর জন্য আবেদন করুন

চাকরির সন্ধান করার জন্য অথবা ব্যবসা শুরু করার জন্য আবাসিক অনুমতির মেয়াদ এক বছর বাড়িয়ে দেওয়া হবে । এই মেয়াদ কার্যকর হবে আপনার পূর্ববর্তী অনুমতির মেয়াদ শেষ হবার তারিখ থেকে ।কর্মক্ষেত্রে নিয়োগকর্তার শোষণের কারণে আবাসিক অনুমতির মেয়াদ বাড়ানোর বিষয়ে নির্দেশাবলী পড়ুন ।

### সার্টিফিকেটের জন্য আবেদন করুন যদি আপনার বৈধ আবাসিক অনুমতি থাকে এবং আপনি যদি নতুন কাজের নিয়োগকর্তার সন্ধান পেয়ে থাকেন

এই সার্টিফিকেটের সাহায্যে আপনি অনেক সহজে পূর্ববর্তী কাজের নিয়োগকর্তাকে ছেড়ে নতুন মালিকের সঙ্গে নতুন কাজ শুরু করতে পারবেন ।কর্মক্ষেত্রে নিয়োগকর্তার শোষণের কারণে সার্টিফিকেটের জন্য আবেদনের বিষয়ে নির্দেশাবলী পড়ুন ।

## কর্মসংস্থানের নিয়োগকর্তার দ্বারা উল্লেখযোগ্য অবহেলা এবং শোষণের উদাহরণ :

- আপনাকে অযৌক্তিকভাবে দীর্ঘ সময় কাজ করতে হচ্ছে
- নিয়োগকর্তা আপনাকে কর্মসংস্থান চুক্তি অনুযায়ী বেতন দিচ্ছেন না

- আপনার নিয়োগকর্তা আপনার বা আপনার প্রিয়জনের জীবন অথবা স্বাস্থ্যের ক্ষতি করার হুমকি দিয়েছেন

নিয়োগকর্তার অবহেলা এবং শোষণের অর্থ জানার জন্য আরও বিস্তৃত তালিকা দেখুন ।

ফিনল্যান্ডএ কর্মস্থলে ফিনিশ আইন মেনে কাজ করা হয়,যার অর্থ হল কোনও কর্মচারীর কম বেতনে অথবা বিপজ্জনক কাজের পরিবেশে কাজ করা উচিত নয়।